# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ একজন মুসল্লী ব্যক্তি যোহরের ফরযের আগে কী পড়বেন তার বিবরণ

ذِكْرُ مَا يُصَلِّي الْمَرْءُ قَبْلَ الظُّهْرِ مِنَ التطوع

আরবী

2464 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: حَدَّثَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ قَالَ: حَفِظْتُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ وَرَكْعَتَيْنِ بَعْدَهَا وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ.
قَالَ ابْنُ عُمَرَ: وَأَخْبَرَتْنِي حَفْصَةُ إن رسول الله صلى الله عليه وسلم كَانَ يَرْكَعُ رَكْعَتَيْنِ قَبْلَ الْفَجْرِ وَذَلِكَ بَعْدَمَا يطلع الفجر.
الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2464 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الإرواء)) (440).

বাংলা

২৪৬৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আয়ত্ব করেছি যোহরের আগে দুই রাকা‘আত, যোহরের পর দুই রাকা‘আত, মাগরিবের পর দুই রাকা‘আত এবং ইশার পর দুই রাকা‘আত সালাত।, “

আব্দুল্লাহ বিন উমার  রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “হাফসা রাদ্বিয়াল্লাহু আনহা আমাকে জানিয়েছেন যে, নিশ্চয়ই রাসূল ফজরের আগে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। এটি তিনি সুবহে সাদিক উদিত হওয়ার পর আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৮১১; মুসনাদ আহমাদ: ২/৬; সহীহ আল বুখারী: ১১৩০; তিরমিযী: ৪২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১১৯৭; সুনান বাইহাকী: ২/৪৭১; বাগাবী: ৮৬৭; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৬৬; আবূ দাঊদ: ১২৫২; নাসাঈ: ২/১১৯; সহীহ মুসলিম: ৮৮২; আবূ আওয়ানা: ২/২৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১১৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91789

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন